

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্বাস্থ্য বিভাগ

তারিখ: ১৫ জুলাই ২০২৬

আগামী ৪৫ দিনের গৃহীত মশক নিধন কার্যক্রমের তথ্য

উদ্দেশ্য

- বর্ষাউত্তর কালীন (জুলাই-আগস্ট) সময়ে এডিস মশা নিয়ন্ত্রণ
- ঝুঁকিপূর্ণ এলাকা সনাক্তকরণ এবং সমন্বিত মশক নিধন কার্যক্রম
- Surveillance system জোরদারকরণ
- সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠানসমূহের সাথে প্রয়োজনীয় সমন্বয়
- গবেষণা ও উদ্ভাবনের মাধ্যমে মশক নিধন কার্যক্রম জোরদার, অব্যাহত ও টেকসইকরণ।
- জনসচেতনতা ও জনসম্পৃক্ততা বৃদ্ধি অব্যাহত রাখা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্বাস্থ্য বিভাগ

তারিখ: ১৫ জুলাই ২০২৬

জুলাই ও আগস্ট-২০২৬ এর মশক নিধন কর্মপরিকল্পনা, ডিএনসিসি

ক্রম	তারিখ	কর্মদিবস	প্রোগ্রামের নাম	অঞ্চলসমূহ
০১	১৯ জুলাই	০১ দিন	হাসপাতাল সমূহে ডেঙ্গু রোগের Active Case Surveillance কার্যক্রমের প্রশিক্ষণ কর্মসূচি	১-১০ (সকল)
০২	২০, ২১ ও ২২ জুলাই	০৩ দিন	এডিস মশা নিয়ন্ত্রণে বস্তি ও টং দোকান সমূহে বিশেষ অভিযান	১-১০ (সকল)
০৩	২৩ ও ২৫ জুলাই	০২ দিন	এডিস মশা নিয়ন্ত্রণে গ্যারেজ ও কার ওয়াশ সেন্টার সমূহে বিশেষ অভিযান	২-৭, ৯ ও ১০
০৪	২৬ ও ২৭ জুলাই	০২ দিন	ডিএনসিসি'র এলাকায় অবস্থিত নার্সারি সমূহে বিশেষ অভিযান	১, ৩ - ৭, ও ১০
০৫	২৮, ২৯ ও ৩০ জুলাই	০৩ দিন	ডিএনসিসি এর আওতাধীন এলাকায় অবস্থিত সরকারি-বেসরকারি হাসপাতালে ডেঙ্গু রোগের Cross Transmission বন্ধের লক্ষ্যে হাসপাতাল ক্লিনিক ও স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে বিশেষ অভিযান	২ - ১০
০৬	০১-৩১ আগস্ট	২৭ দিন	স্বৈচ্ছাসেবক এবং ডিএনসিসি'র নিজস্ব কর্মীর মাধ্যমে দিনব্যাপী ১০টি অঞ্চলে ঝুঁকিপূর্ণ ২৫ টি ওয়ার্ডে বাড়ি বাড়ি সার্চিং ও সোর্স রিডাকশন অভিযান	১-১০ (সকল)
০৭	১,২,৩,৪ ও ৬ আগস্ট	০৫ দিন	ডিএনসিসি'র আওতাধীন সরকারি কোয়ার্টার, জাতীয় প্রতিষ্ঠান ও হাউজিং সমূহে বিশেষ অভিযান	১-১০ (সকল)
০৮	০৮-১৩ আগস্ট	০৬ দিন	ডিএনসিসি'র এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডেঙ্গু সচেতনততা এবং মশা নিয়ন্ত্রণে সচেতনতামূলক এবং সম্পৃক্তকরণমূলক প্রচারণা ও অভিযান	২ - ৭, ৯ ও ১০
০৯	১৫, ১৬ ও ১৭ আগস্ট	০৩ দিন	এডিস মশা নিয়ন্ত্রণে নির্মানাধীন ভবন, পার্ক ও খেলার মাঠে বিশেষ অভিযান	১-১০ (সকল)
১০	১৮ ও ১৯ আগস্ট	০২ দিন	মশা নিয়ন্ত্রণে ডিএনসিসি'র আওতাধীন মেট্রোরেল স্টেশনসমূহে বিশেষ অভিযান	২, ৪, ৫ ও ৬
১১	২০, ২২ ও ২৩ আগস্ট	০৩ দিন	ডিএনসিসি'র আওতাধীন কাঁচাবাজারসমূহে সোর্স রিডাকশন সচেতনতামূলক এবং সম্পৃক্তকরণ সংক্রান্ত বিশেষ অভিযান	২-১০
১২	২৪ ও ২৫ আগস্ট	০২ দিন	এডিস মশা নিয়ন্ত্রণে পরিত্যক্ত প্লাট ও ফাঁকা জমিতে বিশেষ অভিযান	২-১০
১৩	২৭, ২৯, ৩০ ও ৩১ আগস্ট	০৪ দিন	এডিস মশা নিয়ন্ত্রণে ছাদবাগান সমূহে বিশেষ অভিযান	১-১০ (সকল)

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্বাস্থ্য বিভাগ

তারিখ: ১৫ জুলাই ২০২৬

১. নিয়মিত মশক নিধন কার্যক্রম

ক. চলমান:

- I. সকালে প্রাত্যহিক লার্ভিসাইডিং
- II. সন্ধ্যাকালীন ফগিং কার্যক্রম
- III. Quick Response Team (QRT) এর মাধ্যমে ঝুঁকিপূর্ণ ২৫টি ওয়ার্ডে বিশেষ নৈশকালীন ফগিং কার্যক্রম
- IV. এডিস মশার প্রজননস্থল অপসারণ ও ধ্বংস
- V. কিউলেব্রা মশা নিধনে ডিএনসিসি এর বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের সাথে যৌথভাবে বদ্ধ খাল-বিল, ড্রেন, নালা-নর্দমা ইত্যাদি হটস্পট গুলোতে মশক নিধন কার্যক্রম পরিচালনা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্বাস্থ্য বিভাগ

তারিখ: ১৫ জুলাই ২০২৬

২. বিশেষ মশক নিধন কার্যক্রম

ক. সমাপ্ত:

- I. মশক নিধন কার্যক্রম নিবিড়ভাবে পরিচালনা এবং তদারকির লক্ষ্যে মাননীয় প্রশাসক মহোদয়ের নেতৃত্বে ০৩ (তিন) স্তর বিশিষ্ট কমিটি গঠন
- II. ডেঙ্গু বিষয়ে মানুষের মাঝে সচেতনতা সৃষ্টি করা এবং ডেঙ্গু ঝুঁকিপূর্ণ ওয়ার্ডসমূহে মশার উৎপত্তিস্থল দূরীকরণে ০৮ এপ্রিল-১২ জুন ২০২৬ "Operation Clean Home: Healthy lives" কর্মসূচির আওতায় ডেঙ্গু ঝুঁকিপূর্ণ ২৫টি ওয়ার্ডে অভিযান পরিচালনা
- III. ডিএনসিসি'র আওতাধীন ৫৩৬টি শিক্ষা প্রতিষ্ঠানে "Clean School: No Mosquito" শীর্ষক বিশেষ মশক নিধন কার্যক্রম পরিচালনা করা হয়। ঈদুল ফিতর ও ঈদুল আযহা পরবর্তী এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষার পূর্বে কলেজ/বিদ্যালয়/মাদ্রাসাসমূহে বিশেষ মশক নিধন কার্যক্রম
- IV. মাতৃসদন কেন্দ্র, প্রাইমারী হেলথ কেয়ার সেন্টার এবং এনজিও স্বাস্থ্য কেন্দ্র গুলোতে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করার নিমিত্তে ১৫০০০ (পনেরো হাজার) কীট বিতরণ
- V. ডিএনসিসি এর অন্তর্গত কচুরিপানা পূর্ণ ৪০০০ (চার হাজার) বিঘা কচুরিপানা পূর্ণ জলাশয় নিয়মিতভাবে পরিষ্কার করার কার্যক্রম
- VI. হজ ক্যাম্পে মশক ট্রাপ স্থাপন

খ. চলমান:

- I. "শনিবারের অজ্জিকার, নিজ নিজ বাসা-বাড়ি করি পরিষ্কার" স্লোগানের আলোকে প্রতি শনিবার সকাল ৮-১২ ঘটিকা পর্যন্ত স্বাস্থ্য অধিদপ্তর ও Institute Of Epidemiology Disease Control And Research (IEDCR) কর্তৃক প্রাপ্ত ২৫ টি ঝুঁকিপূর্ণ ওয়ার্ডে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা (প্রতি শনিবারের কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম)
- II. Hospital Surveillance এর মাধ্যমে ডেঙ্গু রোগী আক্রান্ত ব্যক্তির বাড়ির ঠিকানা সংগ্রহ এবং এসকল ঠিকানায় Quick Response Team (QRT) টিমের মাধ্যমে বিশেষ মশক নিধন কার্যক্রম পরিচালনা করা (১৫ জুলাই ২০২৬ থেকে শুরু)
- III. স্বাস্থ্য কর্মীদের (ইপিআই কর্মীদের) সাহায্যে বাড়ি-বাড়ি পরিদর্শনের মাধ্যমে ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীর পরিসংখ্যান ও পরামর্শ প্রদান (জুলাই-আগস্ট ২০২৬)
- IV. বর্তমানে ব্যবহৃত রাসায়নিক কীটনাশক পাশাপাশি অধিকতর কার্যকর জৈব কীটনাশক Bacillus Thuringiensis Israelensis (BTI) পরীক্ষামূলক প্রয়োগ শেষে ক্রয় (প্রক্রিয়াধীন)
- V. রাজউক থেকে প্রায় ৩৩০০ নির্মানাধীন বাড়ীর ঠিকানা সংগ্রহপূর্বক নিয়মিত অভিযান পরিচালনা করা হয়। এছাড়াও রিহাবের সদস্যবৃন্দের সাথে সচেতনতামূলক মতবিনিময় ও কার্যক্রম পরিচালনা
- VI. নগরবাসীকে সচেতন করার লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠানে সহায়তায় প্রতি মাসে নিয়মিতভাবে সচেতনতামূলক র্যালি, অ্যাডভোকেসি সভা এবং মশার প্রজননস্থল সমূহ প্রদর্শন আয়োজন
- VII. নিয়মিতভাবে (ত্রৈমাসিক) কারিগরি কমিটির মাধ্যমে নিজস্ব কীটতত্ত্ববিদ এবং দেশের বিশিষ্ট কীটতত্ত্ববিদগণের পরামর্শক্রমে সমন্বিত মশক নিধন কার্যক্রম পরিচালনা
- VIII. ডিএনসিসি'র অন্তর্গত সরকারি-বেসরকারি হাসপাতাল সমূহে Cross Transmission রোধে মশক নিধনে নিয়মিত বিশেষ অভিযান ও মশক ট্রাপ স্থাপন
- IX. ডিএনসিসি কর্তৃক ব্যবহৃত কীটনাশকের মান যাচাই এর জন্য ০৫ টি স্বনামধন্য সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক দৈবচয়ন ভিত্তিতে কীটনাশকের পরীক্ষা চলমান (প্রক্রিয়া সম্পন্ন, জুলাই ২০২৬ এ সমাপ্ত হবে)
- X. উত্তরার ১০টি সেক্টরে পরিবেশ বান্ধব মশক ট্রাপ স্থাপনের উপযুক্ততা পরীক্ষা

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্বাস্থ্য বিভাগ

তারিখ: ১৫ জুলাই ২০২৬

৩. গবেষণা ও উদ্ভাবন

ক. সমাপ্ত:

- I. ডিএনসিস'র ওয়েব সাইট এ ডেঙ্গু ইন্টিগ্রেটেড ড্যাসবোর্ড গঠনের মাধ্যমে সকল ডেঙ্গু রোগীর হালনাগাদ বিস্তারিত তথ্য, মশা ও লার্ভার ঘনত্ব, ডেঙ্গুর ঝুঁকি সূচক, AI ভিত্তিক ডেঙ্গু প্রাদুর্ভাব সম্পর্কে পূর্বাভাস, ডেঙ্গু আক্রান্তের ঝুঁকিপূর্ণ স্থানের কালার কোডিং এবং নাগরিকগণের করণীয় সম্পর্কে নির্দেশিকা সন্নিবেশিত করা
- II. বর্তমানে ব্যবহৃত কীটনাশকের পাশাপাশি অন্যান্য কীটনাশক যাচাই এবং উপযুক্ততা পরীক্ষা (জুলাই ২০২৬ এ সমাপ্ত হবে)

খ. চলমান:

- I. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কারিগরি সহায়তায় ডিএনসিসি এর আওতায় ০৫ অঞ্চলে দেশে প্রথম বারের মতো Entomological Surveillance কার্যক্রম চলমান আছে। আগামী সেপ্টেম্বর ২০২৬ মাসে উক্ত Surveillance এর আওতায় বৃদ্ধি করা হবে
- II. স্থানীয় সরকার বিভাগ এর টেকনিক্যাল কমিটি এর গাইডলাইন অনুযায়ী কীটনাশকের যথাযথ ব্যবহার এবং কার্যকারিতা নিয়মিতভাবে পরীক্ষা কার্যক্রম
- III. ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর তত্ত্বাবধানে সিডিসির সহায়তায় একটি বর্ষাউত্তর কীটতাত্ত্বিক জরিপ (Post Monsoon Survey) পরিচালনা (আগস্ট ২০২৬)
- IV. ICDDR, B, IEDCR এবং দেশে-বিদেশি বিভিন্ন বিশ্ববিদ্যালয় এর সাথে ডেঙ্গু/মশক নিধন সংক্রান্ত যৌথগবেষণা এবং গবেষণা কাজে সহায়তা প্রদান
- V. নাগরিকদের জন্য AI ভিত্তিক Chatbot প্রবর্তন (সেপ্টেম্বর ২০২৬)
- VI. আধুনিক পদ্ধতিতে মশক নিয়ন্ত্রণে বাংলাদেশ পরমানু শক্তি কমিশন এর সাথে যৌথভাবে Sterile Insect Technique (SIT) এর উপযুক্ততা পরীক্ষার কার্যক্রম
- VII. আইসিডিডিআর,বি-এর আইডিএলার্ট প্রকল্পের অর্থায়নে পরিচালিত **Mosquito Alert** অ্যাপ এর মাধ্যমে নাগরিকরা এডিস মশার উপস্থিতি সম্পর্কে তথ্য প্রদান সংক্রান্ত অ্যাপ এর প্রবর্তন
- VIII. এডিস মশা নিয়ন্ত্রণে “Evaluating the effectiveness and operational feasibility of spatial repellents for Aedes control in urban Dhaka” শীর্ষক প্রকল্পটি Study এর কার্যক্রম (অক্টোবর ২০২৬)

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

স্বাস্থ্য বিভাগ

তারিখ: ১৫ জুলাই ২০২৬

৪. পরিবেশগত ব্যবস্থাপনা

ক. চলমান

- I. নিয়মিতভাবে মশার প্রজননস্থল অপসারণ ও ধ্বংস
- II. কিউলেক্স মশা নিধনে ডিএনসিসি এর বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের সাথে যৌথভাবে বন্ধ খাল-বিল, ডেন, নালা-নর্দমা ইত্যাদি হটস্পটগুলোতে নিয়মিতভাবে ১০০ জন আউটসোর্সিং জনবলের মাধ্যমে কচুরিপানা ও মশক নিধন কার্যক্রম পরিচালনা

৫. জনসচেতনতা ও জনসম্পৃক্ততা

ক. সমাপ্ত:

- I. আসন্ন বর্ষা মৌসুম উপলক্ষ্যে মশাবাহিত (ডেঙ্গু, চিকুনগুনিয়া ইত্যাদি) রোগের প্রাদুর্ভাব রোধে বাউল সংগীতের মাধ্যমে ২০ দিনে ১০০ টি স্পটে জনসচেতনতা কার্যক্রম (মে-জুন ২০২৬)

খ. চলমান:

- I. জনসচেতনতা ও জনসংপৃক্ততার লক্ষ্যে নতুন স্টিকার/লিফলেট, বুকলেট প্রস্তুত ও বিতরণ
- II. ইমামগণের মাধ্যমে প্রতিটি মসজিদে জুমার খুতবার পূর্বে এডিস মশা নিয়ন্ত্রণে করণীয় সম্পর্কে সচেতনতামূলক বার্তা প্রদান
- III. ডেঙ্গু সংক্রান্ত তথ্য ও পরামর্শের জন্য নাগরিক হটলাইন/ওয়েবসাইট/এ্যাপস এর ব্যবহার
- IV. বর্ষা মৌসুমে সতর্কতামূলক বাক্স (Bulk) এসএমএস প্রদান ও টিভি স্ক্রল প্রচার
- V. ডিএনসিসি'র অন্তর্গত পুলিশ ফাঁড়ি-থানাসমূহ, মার্কেট, নার্সারি মালিক ও কাঁচা বাজারসমূহ নিয়মিতভাবে ডেঙ্গু রোগ প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য চিঠি প্রদান, পরিদর্শন, নোটিশ জারী ও সচেতনতামূলক মতবিনিময় এবং কার্যক্রম পরিচালনা
- VI. নগরবাসীকে সচেতন করার লক্ষ্যে নিয়মিতভাবে বিভিন্ন প্রতিষ্ঠানের সহায়তায় সচেতনতামূলক র্যালি এবং মশার প্রজননস্থল সমূহ প্রদর্শনের আয়োজন
- VII. সামাজিক যোগাযোগমাধ্যমে (ফেসবুক, ইউটিউব) বিজ্ঞাপনের মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধ ও মশক নিধন কার্যক্রম সংক্রান্ত সচেতনতামূলক প্রচারণা পরিচালনা
- VIII. ডিএনসিসি এর ১২ টি এলইডি স্ক্রিনে ডেঙ্গু সংক্রান্ত সচেতনতামূলক বার্তা সম্বলিত ভিডিও ক্লিপ নিয়মিতভাবে প্রচার

৬. মানব সম্পদ উন্নয়ন

ক. সমাপ্ত:

- I. প্রতি ০৬ মাস অন্তর মশক সুপারভাইজার এবং মশক কর্মীদের রি-ফ্রেসার ট্রেনিং প্রদান (সমাপ্ত: জানুয়ারি - জুন ২০২৬ সেশন)
- II. ডিএনসিসি'র আওতাধীন এলাকায় কর্মরত নগর স্বাস্থ্য ব্যবস্থাপনায় নিয়োজিত চিকিৎসক, নার্স এবং জেনারেল প্রাকটিশনারগণের জন্য Clinical Management for Dengue Patient প্রশিক্ষণের অয়োজন (সমাপ্ত: জুলাই ২০২৬)